

সরকারী স্কুলে ভর্তি

## সাত হাজার আসনের জন্য ফরম বিক্রি ৩১ সহস্রাধিক

ইত্তেফাক রিপোর্ট : নগরীর সরকারী স্কুলসমূহে গত বছরের ভর্তি সংকট প্রকট হয়ে উঠেছে। ২৪টি সরকারী স্কুলে আসন সংখ্যা রয়েছে প্রায় ৭ হাজার। গতকাল রবিবার ভর্তি ফরম সংগ্রহের শেষ দিনে সকল স্কুল মিলিয়ে আনুমানিক ৩১ সহস্রাধিক ফরম বিক্রি হয়েছে। তৎপ গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলে ২৮৫টি আসনের জন্য ফরম বিক্রির সংখ্যা দাঁড়িয়েছে ৩ হাজার ৪৭০। এই স্কুলে প্রথম শ্রেণীর ২৪০টি শূন্য আসনের জন্য ২৬শত ৬৪ শ্রেণীর ২০টি আসনের জন্য ৩শত, দ্বিতীয় শ্রেণীর ৬টি আসনের জন্য দেড়শত, তৃতীয় শ্রেণীর ৮টি আসনের জন্য ২শত ৫০, ৪র্থ শ্রেণীর ৬টি আসনের জন্য ১শত ৫০, ৫ম শ্রেণীর ২টি (১৯শ পৃঃ ২-এর কঃ ৫ঃ)

সরকারী স্কুলে ভর্তি

(শেষ পৃঃ পর)

আসনের জন্য ৭০টি ফরম বিক্রি হয়েছে। গতকাল ফরম কেনার শেষ দিনেও অনেক স্কুলে শূন্য আসনের সঠিক সংখ্যা ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের জানান হয়নি। ফলে অনেক ছাত্র-ছাত্রী অনিচ্ছয়তার মধ্যেও ফরম কিনেছে। ৯ই জানুয়ারী, সরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষা শুরু হবে। ২৪টি স্কুলকে ৩টি গ্রুপে ভাগ করা হয়েছে। ৯ই জানুয়ারী ক গ্রুপ, ১১ই জানুয়ারী গ গ্রুপ ও ১৩ই জানুয়ারী ঘ গ্রুপের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

জামদ সভাপতি হাসানুল হক ইনু ও সাধারণ সম্পাদক সৈয়দ জাফর সাম্মাদ গতকাল এক বিবৃতিতে স্কুলে ভর্তি মুহুর্ত অমানবিকতা বন্ধ করার আহ্বান জানিয়েছেন।